দৈনিক ইত্তেফাক

34

তারিখ JUN. 26 1999
পৃষ্ঠা ৩ কলাম ৩



ঝিনাইদহ ঃ প্রতিবন্ধী শিশুদের একটি স্কুলে শিক্ষাদান করা হয় -ইত্তেফাক

# ঝিনাইদহে প্রতিবন্ধী শিশুদের জন্য ৪টি স্কুল

ঝিনাইদহ সংবাদদাতা ॥ সমন্বিত শিশু শিক্ষা কার্যক্রমের আওতায় ঝিনাইদহ শহরে প্রতিবন্ধী শিশুদের শিক্ষার জন্য ৪টি স্কুল খোলা হইয়াছে। এ্যাকশান ইন-ডেভেলপমেন্ট (এইড) নামের একটি বেসরকারী সংস্থা এই স্কুলগুলি খুলিয়াছে।

প্রতিটি স্কুলে ৩০ জন করিয়া

(১২শ পৃঃ দ্রঃ)

## ঝিনাইদহে প্রতিবন্ধী

( ৩য় পৃঃ পর)

মোট ১২০ জন ছাত্র-ছাত্রীকে প্রাক প্রাথমিক শিক্ষা দেওয়া হইতেছে। মোট ছাত্র-ছাত্রীর শতকরা ১০ ভাগ হইতেছে প্রতিবন্ধী। পরে তাহাদেরকে প্রাইমারী স্কুলগুলিতে ভর্তি করা হইবে। এইডের একজন কর্মকর্তা জানান, প্রাইমারী স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের শিক্ষাদানের ব্যাপারে প্রশিক্ষণ দেওয়া হইবে।